বিশ্বজুড়ে ফেসবুক, ইনস্টাগ্রাম ও হোয়াটসঅ্যাপ ডাউন

written by Chandradip News24 | December 12, 2024

মেটা প্ল্যাটফর্মের অধীন ফেসবুক, ইনস্টাগ্রাম ও হোয়াটসঅ্যাপ আবারও ডাউন হয়ে পড়েছে। বুধবার রাত ১২টা থেকে শুরু হওয়া এই সমস্যায় বিশ্বজুড়ে হাজারো ব্যবহারকারী ক্ষতিগ্রস্ত হয়েছেন বলে জানিয়েছে আউটেজ-ট্র্যাকিং সাইট ডাউনডিটেক্টর ডটকম।

প্রাথমিকভাবে ফেসবুকে ১০ হাজারেরও বেশি ব্যবহারকারী সমস্যায় পড়েছেন বলে জানা যায়। এক ঘণ্টার মধ্যেই এই সংখ্যা বেড়ে ১ লাখের অধিক হয়ে যায়। ইনস্টাগ্রামে প্রথমে ৭,৫০০ ব্যবহারকারী সমস্যা জানালেও এটি পরে ৬৪ হাজার ছাড়িয়ে যায়। হোয়াটসঅ্যাপে সমস্যা হয়েছে ১২ হাজারেরও বেশি মানুষের, আর ম্যাসেঞ্জার ব্যবহার করতে না পারার অভিযোগ করেছেন প্রায় ১৪ হাজারেরও বেশি ব্যবহারকারী।

সমস্যার কারণ

ডাউনডিটেক্টর ডটকম জানিয়েছে, ফেসবুক, হোয়াটসঅ্যাপ, ইনস্টাগ্রাম এবং মেসেঞ্জারের সেবাগুলোতে বড় আকারের আউটেজ লক্ষ্য করা গেছে। এতে মেটার বিভিন্ন মেসেজিং এবং সোশ্যাল মিডিয়া পরিষেবা ব্যবহার করতে সমস্যা হচ্ছে।

ফেসবুকে লগইন করতে গেলে একটি বার্তা দেখাচ্ছে: “আমরা যত দ্রুত সম্ভব এটি ঠিক করার জন্য কাজ করছি।” তবে মেটা কর্তৃপক্ষ এ বিষয়ে এখনও আনুষ্ঠানিক কোনো মন্তব্য করেনি।

অতীতেও সেবা ব্যাহত

চলতি বছর মার্চ ও এপ্রিল মাসেও প্রযুক্তিগত সমস্যার কারণে ফেসবুক, ইনস্টাগ্রাম ও থ্রেডসসহ মেটার বেশ কয়েকটি সেবা কয়েক ঘণ্টা অচল ছিল।

“মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম”